

AKASHVANI (AIR)

RNU : KOLKATA

Bengali Text Bulletin

Date 10-11-2025

Time: 1.40 P.M.

জাতীয় স্তোত্র বন্দে মাতরম-এর দেড়শো বছর পূর্তি উদ্‌যাপনে শামিল হচ্ছে কলকাতা রাজভবন। আজ ভারতীয় জাদুঘর থেকে রাজভবন পর্যন্ত ‘বন্দে মাতরম্’ পদযাত্রার নেতৃত্ব দেবেন রাজ্যপাল ডক্টর সিভি আনন্দ বোস। কলকাতার বিভিন্ন স্কুলের পড়ুয়া ও বিশিষ্টজনেরা এতে পা মেলাবে। এরপর রাজভবনে Vande Mataram: Spirit of the Nation শীর্ষক এক সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। এছাড়াও থাকছে ‘বন্দে মাতরম্ ক্যালিগ্রাফি ওয়ার্কশপ’ এবং জনসাধারণের অংশগ্রহণে সমবেত সংগীত পরিবেশনা।

প্রাকৃতিক বিপর্যয়ে ক্ষতিগ্রস্ত এলাকার পুনর্বাসনের কাজ খতিয়ে দেখতে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ ফের উত্তরবঙ্গ যাচ্ছেন। দুপুরে বাগডোগরা পৌঁছে শিলিগুড়ির উত্তরকন্যায় সব জেলাশাসককে নিয়ে বৈঠক করবেন তিনি। বন্যা পরবর্তী পরিস্থিতি মোকাবিলায় গৃহীত পদক্ষেপ সম্পর্কে বিস্তারিত আলোচনা হবে বৈঠকে। উপস্থিত থাকবেন উত্তরবঙ্গ উন্নয়ন দপ্তরের মন্ত্রী, পুলিশ সুপার এবং অন্যান্য আধিকারিকরা। স্থানীয় বাসিন্দাদের সঙ্গে সাক্ষাৎ করে তাঁদের সমস্যার কথাও শুনবেন মুখ্যমন্ত্রী।

বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারির নেতৃত্বে বিজেপি আজ নন্দীগ্রামে শহীদ স্মরণ দিবস পালন করছে। এদিন সকালে মিছিল করে গকুলনগরে শহীদ স্মারকে শ্রদ্ধা নিবেদন করেন শুভেন্দুবারু সহ বিজেপি নেতারা। পরে সাংবাদিকদের কাছে বিরোধী দলনেতা অভিযোগ করেন, শহীদদের পরিবারের অনেকেই এখনও ডেথ সার্টিফিকেট পাননি।

রাজ্যে যেকোনও মৃত্যুর ঘটনাকেই পরিকল্পিতভাবে এসআইআরের সঙ্গে যুক্ত করার চেষ্টা হচ্ছে বলে অভিযোগ করেছেন বিজেপির রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। তিনি আজ নদীয়ায় সাংবাদিকদের মুখোমুখি হয়ে বলেন, দেশে বারোটি রাজ্যে এস আই আর হচ্ছে, কিন্তু কোথাও এধরনের কোনো খবর নেই। কিন্তু পশ্চিমবঙ্গে দুর্ঘটনা, আত্মহত্যা সব মৃত্যুর জন্যই এসআইআরকে কারণ হিসেবে বলে দেখানো হচ্ছে বলে অভিযোগ করেন তিনি।

(বাইট-শমীক)

প্রাথমিক শিক্ষক নিয়োগ দুর্নীতি মামলায় অন্যতম অভিযুক্ত, প্রাক্তন শিক্ষামন্ত্রী পার্থ চট্টোপাধ্যায়ের ঘনিষ্ঠ সন্ত গঙ্গোপাধ্যায়কে শর্ত সাপেক্ষে জামিন দিয়েছে কলকাতা হাইকোর্ট। নিয়োগ দুর্নীতিতে তিনি এজেন্ট হিসাবে কাজ করতেন বলে অভিযোগ। একাধিক চাকরী প্রার্থীর কাছ থেকে তিনি টাকাও নিয়েছিলেন বলে জানা গেছে। বিচারপতি তীর্থঙ্কর ঘোষ আজ ৫ লক্ষ টাকার ব্যক্তিগত বন্ডে তার জামিন মঞ্জুর করেন।

পশ্চিম বর্ধমানের আসানসোলে চিটফান্ড খুলে কোটি কোটি টাকা প্রতারণার অভিযোগ উঠেছে দুই ভাইয়ের বিরুদ্ধে। আমানতকারীদের অভিযোগ, টাকা ফেরতের যে চেক তারা পেয়েছেন, সবকটাই বাউন্স করেছে। আসানসোলের বাসিন্দা ফৈয়জ আহমেদ এবং মহম্মদ নদিম নামে দুই ভাই ঐ চিটফান্ডের মালিক বলে জানা গেছে। বিহার, ঝাড়খন্ড, ছত্তিসগড় সহ অন্যান্য রাজ্যের মানুষেরাও তাদের প্রতারণার শিকার হয়েছেন বলে স্থানীয়দের দাবি। প্রতারিতদের একাংশকে নিয়ে গতকাল আসানসোল দক্ষিণ থানায় অভিযোগ জানান বিজেপি বিধায়ক অগ্নিমিত্রা পাল।

উত্তর ২৪ পরগণার বসিরহাট সুপার স্পেশালিটি হাসপাতালে ছাত্রী মৃত্যুতে চিকিৎসার গাফিলতির অভিযোগকে কেন্দ্র করে আজ উত্তেজনা ছড়ায়। জানা গেছে, সন্দেহখালির বাসিন্দা ববিতা সরকার নামে ১৩ বছরের ঐ কিশোরী জ্বরের উপসর্গ নিয়ে গতকাল বিকেলে ঐ হাসপাতালে ভর্তি হয়। এরপর আজ সকালে মৃত্যু হয় তার। পরিবারের অভিযোগ, ভর্তি হওয়ার পর থেকেই তার কোনো চিকিৎসা হয়নি। হাসপাতালের ডাক্তার এবং নার্সরা রোগীর পরিজনদের সঙ্গে দুর্ব্যবহার করেন বলেও অভিযোগ। প্রতিবাদে আজ সকালে দফায় দফায় বিক্ষোভ দেখান মৃতার পরিবারের সদস্যরা।

৩১ তম কলকাতা আন্তর্জাতিক চলচ্চিত্র উৎসবের পঞ্চম দিনে আজ ওপেন ফোরামের আলোচনায় অংশ নেবেন বিশিষ্ট চলচ্চিত্র পরিচালক রামেশ শর্মা, এবং অভিনেতা, পরিচালক পরমব্রত চট্টোপাধ্যায়। শিশির মঞ্চে কৃত্রিম বুদ্ধিমত্তা এবং সিনেমার ভবিষ্যত শীর্ষক এক আলোচনা রয়েছে। বাংলা একাডেমিতে মাস্টার ক্লাস করাবেন ফিলিপিনো চলচ্চিত্র পরিচালক ব্রিলান্তে মেনডোজা।

আজ বিশ্ব বিজ্ঞান দিবস। ২০০১ সালে UNESCO ওয়ার্ল্ড সাইন্স ডে ফর পিস এন্ড ডেভেলপমেন্ট দিনটি ঘোষণা করে। দিনটি উদযাপনের মধ্য দিয়ে বিশ্বে শান্তি ও উন্নয়নের জন্য সমাজে বিজ্ঞানের গুরুত্বপূর্ণ ভূমিকার কথা তুলে ধরা হচ্ছে। সাধারণ মানুষকে বিজ্ঞান বিষয় সম্পর্কে সচেতনতা প্রসার ঘটানো দিনটি পালনের মূল লক্ষ্য।

নানা অনুষ্ঠানের মধ্য দিয়ে আজ রাষ্ট্রগুরু সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায়ের ১৭৭তম জন্মবার্ষিকীতে তাঁর প্রতি শ্রদ্ধাঞ্জলি করা হচ্ছে। সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় বঙ্গভঙ্গের তীব্র বিরোধিতা করেছিলেন। ১৮৭৬ সালে সুরেন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় ইন্ডিয়ান অ্যাসোসিয়েশন বা ভারত সভা প্রতিষ্ঠা করেন। পরে তিনি জাতীয় কংগ্রেসের যোগ দেন।

উত্তরে বাতাসে ভর করে রাজ্য জুড়ে শীতের আমেজ। উত্তর থেকে দক্ষিণ, সর্বত্রই তাপমাত্রার পারদ কমেছে বেশ কিছুটা। এই প্রবণতাই আগামী কয়েকদিন বজায় থাকবে বলে জানিয়েছেন আলিপুর আবহাওয়া দফতরের বিজ্ঞানী ডঃ অশ্বেষা ভট্টাচার্য।

কলকাতায় আজ দিনের সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৯ দশমিক তিন ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে যা প্রায় দুই ডিগ্রি কম।

রঞ্জি ট্রফি ক্রিকেটে সুরাটে লালভাই কন্ট্রাক্টর স্টেডিয়ামে ম্যাচের তৃতীয় দিনে বাংলার বিরুদ্ধে রেলওয়েজ প্রথম ইনিংস ২ শো ২২ রানে শেষ হয়েছে। রেলওয়েজের বি এইচ মেহরাই ৯১ রান ও উপেন্দ্র যাদব ৭০ রান করেন।
